# কুমিল্লা বোর্ড-২০১৭

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন: প্রথম পত্র — বিষয় কোড : ২ ৮ ৬

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

১.▶ সোনাপুর গ্রামের নয়ন একজন বেকার যুবক। দীর্ঘদিন বেকার থাকার পর সে ব্যাংক থেকে ঋণ নিয়ে নিজস্ব জমিতে একটি পোল্ট্রি ফার্ম গড়ে তোলে। এর আকার বৃদ্ধি পাওয়ায় নয়ন আরও কয়েকজন বেকার যুবককে তার প্রতিষ্ঠিত পোল্ট্রি ফার্মে নিয়োগ দেয়। ফলে তার পোল্ট্রি ফার্মের উৎপাদন বৃদ্ধির পাশাপাশি এককপ্রতি উৎপাদন খরচ কমে যায়। তার সাফল্যে অনুপ্রাণিত হয়ে অনেকেই এই ধরনের ব্যবসায়ের দিকে আগ্রহ দেখায়। নয়ন মনে করে, কর্মসংস্থান সৃষ্টিতে উৎপাদনের কোনো বিকল্প নেই।

ক. উৎপাদনশীলতা কী? ১

খ. সময়গত উপযোগ কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত নয়নের ব্যবসায়টি উৎপাদনের কোন খাতের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে কর উদ্দীপকের পোল্ট্রি ফার্মটির উৎপাদনশীলতা বৃদ্ধিতে কর্মসংস্থারে ভূমিকা রয়েছে? বিশ্লেষণ করো। ৪

২.▶ জনাব জামিল 'জেক্স ফ্যাশন' নামক একটি গার্মেন্টিসে সুপারভাইজার হিসাবে কর্মরত আছেন। দীর্ঘ তিন বছর চাকরি করার পর গার্মেন্টস শিল্পে সুপরিচিত "হক ফ্যাশন"-এ একই পদে যোগদান করেন। এই প্রতিষ্ঠানটি বিদেশে তাদের পোশাক রপ্তানি করে অত্যন্ত সুনাম অর্জন করেছে। জনাব জামিল দেখলেন, এই প্রতিষ্ঠানটি কর্মীদের দক্ষতার ব্যাপারে অত্যন্ত সচেতন এবং কর্মীদের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন সময় হাতে-কলমে শিক্ষা উদ্যোগ নিয়ে থাকে।

ক. মূলধন কী? ১

খ. ভূমি অবিনশ্বর— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে জনাব জামিল কোন ধরনের শ্রমের গতিশীলতা সৃষ্টি করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে 'হক ফ্যাশন' শ্রম দক্ষতা বৃদ্ধিতে যে উপাদানটিকে প্রাধান্য দিয়েছেন তা কি যথেষ্ট? বিশ্লেষণ করো। ৪

৩.▶ জনাব মোরশেদ কলমের ব্যাপক চাহিদার কথা বিবেচনা করে প্রায় ৬০ লক্ষ টাকা ব্যয়ে একটি কলম উৎপাদনের কারখানা করেন। বর্তমানে এই প্রতিষ্ঠানটির কর্মী সংখ্যা ৭০ জন। প্রতিষ্ঠানটি প্রতিদিন ১,০০০টি কলম উৎপাদন করে। পরবর্তীতে একই যন্ত্রপাতি ও জনবল ব্যবহার করে প্রতিষ্ঠানটি ১১০০টি কলম উৎপাদন করে, যা ইহার গড় ব্যয় হ্রাস করে। এতে প্রতিষ্ঠানটি তাদের কলম উৎপাদন আরও বাড়িয়ে ১২০০ তে উন্নীত করে, যা প্রতিষ্ঠানটির গড় ব্যয় বৃদ্ধি করে।

ক. পরিবর্তনশীল ব্যয় কী? ১

খ. কোন মাত্রার উৎপাদন একটি প্রতিষ্ঠানের জন্য লাভজনক? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের কলমের কারখানাটির উৎপাদন কোন মাত্রাজনিত উৎপাদন মাত্রার সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'উদ্দীপকে উল্লিখিত এন্টারপ্রাইজটি দেশের কলমের চাহিদা পূরণে ভূমিকা রাখে'— ব্যাখ্যা করো। ৪

৪.▶ ঢাকায় অনুষ্ঠিত অর্থনীতি বিষয়ক একটি সেমিনারে বিশিষ্ট অর্থনীতিবিদ জনাব সিয়াম মাহমুদ দুটি দেশের অর্থনীতি বিষয়ক কিছু তথ্য উপস্থাপন করেন। তথ্যাবলি নিম্নরূপ—

| উপাদান | P দেশ | Q দেশ |
|---|---|---|
| জনসংখ্যা (কোটি) | ১৭ | ১৫ |
| আর্থিক জাতীয় আয় (কোটি ডলার) | ১০,০০০ | ৮,৬০০ |
| দাম সূচক | ১৫০ | ১৪০ |

ক. হস্তান্তর পাওনা কী? ১

Teachingbd.com

http://teachingbd.com

খ. 'জাতীয় আয় জীবনযাত্রার মান নির্দেশক'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত তথ্য হতে P দেশের মাথাপিছু আয় নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকে দেশ দুইটির মধ্যে কোনটি উন্নত? মাথাপিছু আয়ের দৃষ্টিকোণ থেকে তোমার মতামতের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৫. ▶ জনাব হাসান 'স্পার্ক' নামক মশার কয়েল উৎপাদনকারী একটি প্রতিষ্ঠানে উৎপাদন ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করছেন। উৎপাদনের পরিমাণ কাঙ্ক্ষিত পর্যায়ে রাখতে বিভিন্ন জরিপ, বিক্রয়কর্মীর মতামত ও পরিসংখ্যানিক বিভিন্ন পদ্ধতি ব্যবহার করে থাকেন। হঠাৎ পণ্যটির বিক্রয় কমে যাওয়ার প্রেক্ষিতে কারণ অনুসন্ধানে দেখা যায়, গ্রাহকরা অভিযোগ করছেন পণ্যটি আর আগের মতো কার্যকরী নয়। তাই জনাব হাসান কয়েল উৎপাদনের ক্ষেত্রে বিভিন্ন প্রকার ত্রুটি-বিচ্যুতি নির্ণয়পূর্বক সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করেন।

ক. কাস্টমাইজেশন কী? ১

খ. 'ভোগ্য পণ্য ক্রয়ের উদ্দেশ্য অব্যবসায়িক'— ব্যাখ্যা করো। ২

গ. উৎপাদন ব্যস্থাপক হিসেবে জনাব হাসান কোন কাজটি করছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের গ্রাহকের অভিযোগ নিরসনের লক্ষ্যে গৃহীত পদক্ষেপটি উৎপাদন ব্যবস্থাপনার যে কাজের সাথে মিল আছে তা কি যথেষ্ট? বিশ্লেষণ করো। ৪

৬. ▶ 'স্টার ইলেকট্রনিক্স' একটি রেফ্রিজারেটর নির্মাতা প্রতিষ্ঠান। সম্প্রতি তারা নতুন একটি ফ্রিজ বাজারে এনেছে। যাতে 'টুইন কুলিং' সিস্টেম যোগ করা হয়েছে। এতে ফ্রিজের দুটি অংশই ডিপ ফ্রিজার হিসেবে ব্যবহার করা যাবে। বর্তমানে ফ্রিজটি তারা স্বল্প পরিসরে উৎপাদন করবে বলে আশা করছে।

ক. মডিউলার ডিজাইন কী? ১

খ. 'উৎপাদন ব্যয় বৃদ্ধি বাংলাদেশের পণ্য ডিজাইনের বড় সমস্যা'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত কোম্পানিটি পণ্যের কোন ধরনের ডিজাইন করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে প্রতিষ্ঠানটি পণ্য ডিজাইনের যে স্তরে রয়েছে তার কার্যকারিতা মূল্যায়ন করো। ৪

৭. ▶ 'জিটা লি.' একটি গাড়ি উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানের কর্মীদের কারিগরি জ্ঞান উন্নত করার লক্ষ্যে তারা বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কর্মসূচি হাতে নিয়ে থাকে। এক্ষেত্রে প্রতিষ্ঠানটি বিশেষজ্ঞ প্রশিক্ষক এনে কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থা করে থাকে। কারণ প্রতিষ্ঠানটি মনে করে প্রশিক্ষণপ্রাপ্ত দক্ষ কর্মী বাহিনী দ্বারা উন্নতমানের পণ্য উৎপাদন সম্ভব। ইতিমধ্যে জিটা লি. পণ্য মানের কাম্য স্তর বজায় রাখার জন্য মান নিরীক্ষা ও পরীক্ষার ব্যবস্থা করে। সফল কর্মসূচি বাবদ প্রতি বছর প্রতিষ্ঠানটির বেশ ব্যয় হয়।

ক. মান নিয়ন্ত্রণ কী? ১

খ. বেঞ্চমার্কিং কীভাবে পণ্যমানের উন্নয়ন ঘটায়? ২

গ. উদ্দীপকে প্রতিষ্ঠানটির ব্যয় নিম্নমানের পণ্য উৎপাদনজনিত কোন খরচের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে মান নিরীক্ষা ও মাঠ পরীক্ষার মাধ্যমে যে ব্যয় সংঘটিত হয় তার কার্যকারিতা মূল্যায়ন করো। ৪

৮. ▶ শিমুল ম্যানুফ্যাকচারিং একটি উৎপাদনমুখী প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠান প্রতিদিন সর্বোচ্চ ৬০,০০০ একক পণ্য উৎপাদন করতে সক্ষম। কিন্তু ২০১৫ সালে তারা মেশিনটি ভালো রাখার জন্য প্রতিদিন ৪০,০০০ একক পণ্য উৎপাদন করার সিদ্ধান্ত গ্রহণ করল। কিন্তু পরবর্তীতে চাহিদা বেড়ে যাওয়ায়

http://teachingbd.com

জুলাই মাসে প্রতিষ্ঠানটি ৫০,০০০ একক পণ্য উৎপাদন করেছে। ২০১৫ সালে তাদের কার্যকর উৎপাদন ক্ষমতা ছিল ১১০%।

ক. উৎপাদন ক্ষমতা কী? ১

খ. ইজারা প্রদান কেন করা হয়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি ২০১৫ সালে প্রথম পর্যায়ে কিসের ভিত্তিতে তাদের উৎপাদন ক্ষমতা পরিমাপ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে প্রতিষ্ঠানটির ২০১৫ সালের উৎপাদনের সর্বোচ্চ সদ্ব্যবহারের হার নির্ণয়পূর্বক পণ্যের চাহিদা পূরণের সক্ষমতা বিশ্লেষণ করো। ৪

**৯. ▶ দৃশ্যকল্প-১:** জনাব রহিমের বাড়িটি স্থানীয় বাজার হতে অনেক দূরে। দূরত্ব ও খরচের কথা চিন্তা করে তিনি বাড়ির পাশের নিজস্ব জমিতে একটি দোকান দিলেন। পর্যাপ্ত পণ্যসামগ্রী থাকা সত্ত্বেও তেমন বেচাকেনা হয় না। তাই দোকানটি বন্ধ হওয়ার পথে।

**দৃশ্যকল্প-২:** জনাব করিম রাজশাহীর বিসিক এলাকায় একটি জুস ফ্যাক্টরি স্থাপন করেছেন। স্থানীয় কৃষকদের নিকট থেকে সরাসরি প্রচুর আম সংগ্রহ করে তিনি প্রক্রিয়াজাত করেন। উৎপাদিত জুস বাজারজাত করে তিনি সফলতা অর্জন করেছেন।

ক. ব্যবসায়ের শিল্প এলাকা কী? ১

খ. 'যেকোনো প্রতিষ্ঠানের জন্য শ্রম ঘূর্ণায়মানতা ক্ষতিকর'— ব্যাখ্যা করো। ২

গ. দৃশ্যকল্প-১ এ জনাব রহিম কোন বিষয় বিবেচনা না করার কারণে ব্যর্থ হয়েছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে জনাব করিমের ব্যবসায়ের অবস্থান নির্ণয়পূর্বক সফলতার কারণ বিশ্লেষণ করো। ৪

**১০. ▶** জনাব আরিফ তার কয়েকজন বন্ধু নিয়ে ঢাকার পান্থপথে 'নোঙর' নামে একটি বিপণি প্রতিষ্ঠা করেন। নতুন এই শপে পণ্যগুলোকে পৃথক পৃথক বিভাগে সাজিয়ে রাখা হয়। নির্দিষ্ট বিভাগ থেকে ক্রেতারা পণ্য ক্রয় করে। সুন্দর, মনোরম, সুসজ্জিত এই শপটি ক্রেতাদের আকৃষ্ট করে। কিন্তু, ক্রেতার সংখ্যা বাড়তে থাকায় শপটিতে চলাচলের অসুবিধা পরিলক্ষিত হয়। এরই পরিপ্রেক্ষিতে আরিফ নতুন একটি স্থানের অভ্যন্তরে পণ্যদ্রব্যকে মানসম্মত ও কার্যকরভাবে সাজিয়ে রাখার কথা চিন্তা করছেন।

ক. এ-ওয়ান সিস্টেম কী? ১

খ. 'যান্ত্রিক কটেজ হলো কম্পিউটার নির্ভর একটি অফিস বিন্যাস পদ্ধতি'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'নোঙর' শপে কোন ধরনের বিন্যাস পরিলক্ষিত হয়? আলোচনা করো। ৩

ঘ. উদ্দীপকে নতুন স্থানের বিন্যাসটি উল্লেখপূর্বক তার প্রয়োজনীয়তা বিশ্লেষণ করো। ৪

**১১. ▶** জনাব জাভেদ তার তিনজন বন্ধু নিয়ে একটি রেস্টুরেন্ট ব্যবসায় শুরু করেন। এই বিষয়ে তারা নিজেদের মধ্যে একটি চুক্তিপত্র করেছেন, যার আলোকে প্রতিষ্ঠানটির যাবতীয় কাজ পরিচালিত হবে। অতি সম্প্রতি ভোক্তারা রেস্টুরেন্টের খাবার নিয়ে অভিযোগ করছে। তাদের মতে মূল্য একটু বেশি হলেও খাবার হতে হবে এমন, যা তাদের প্রত্যাশা পূরণ করবে। উক্ত সমস্যা বিবেচনায় জনাব জাভেদ কর্মরত কর্মচারীদের দক্ষতা, যোগ্যতা ও সামর্থ্য অনুযায়ী কাজ ভাগ করে দেওয়ার পদক্ষেপ গ্রহণ করেছেন।

ক. শ্রম দক্ষতা কী? ১

খ. 'মূলধন উৎপাদনের উৎপাদিত উপাদান'— ব্যাখ্যা করো। ২

গ. মালিকানার ভিত্তিতে উদ্দীপকের সংগঠনটির ধরন ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের জনাব জাভেদ ভোক্তাদের প্রত্যাশা পূরণে যে পদক্ষেপ গ্রহণ করেছেন তার যথার্থতা মূল্যায়ন করো। ৪

http://teachingbd.com

সময়— ৩০ মিনিট    পূর্ণমান— ৩০    উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন-প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা    বিষয় কোড : ২ ৮ ৬

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. উৎপাদনশীলতা নয় কোনটি?**
ক) মোট উৎপাদন / মোট উপকরণ    খ) মোট উৎপাদন / মোট শ্রমঘণ্টা
গ) মোট যন্ত্রসময় / মোট উৎপাদন    ঘ) মোট উৎপাদন / মোট মূলধন

**২. উৎপাদনের উৎপাদিত উপাদান হলো—**
ক) ভূমি    খ) শ্রম
গ) মূলধন    ঘ) সংগঠন

**৩. উৎপাদনের প্রত্যক্ষ কাজ কোনটি?**
ক) রূপগত উপযোগ    খ) সময়গত উপযোগ
গ) স্থানগত উপযোগ    ঘ) মালিকানাগত উপযোগ

**উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব শাকিল একটি ছোট দোকানের মালিক। নিজের অর্থ দিয়ে তিনি দোকানটি প্রতিষ্ঠা করেছেন এবং দিনরাত কঠোর পরিশ্রম করেন। তার দোকানের নিয়োগকৃত কর্মচারী সবুজও কঠোর পরিশ্রমী। কিন্তু সবুজ চিন্তামুক্ত থেকে কাজ করে। কারণ মাস শেষে তার বেতন পরিশোধ করা হয়। অন্যদিকে জনাব শাকিলকে মাঝে মাঝে দুশ্চিন্তায় পড়তে হয়। তাই তিনি মনে করেন সবুজ বেশ ভালোই আছে।

**৪. জনাব শাকিল উৎপাদনের কোন উপকরণের সাথে জড়িত?**
ক) ভূমি    খ) শ্রম
গ) মূলধন    ঘ) সংগঠন

**৫. শাকিলের দুচিন্তার কারণ হলো—**
i. সবুজ কাজে ফাঁকি দেয়
ii. সেসব ঝুঁকি বহন করে
iii. প্রতিষ্ঠানের স্থায়িত্ব তার ওপর নির্ভরশীল

**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii    খ) i ও iii
গ) ii ও iii    ঘ) i, ii ও iii

**৬. নিচের কোনটি ভূমির অন্তর্ভুক্ত নয়?**
ক) সূর্যকিরণ    খ) পানি
গ) কাঁচামাল    ঘ) বৃষ্টিপাত

**৭. জাতীয় শিল্পনীতি ২০১০ অনুযায়ী ক্ষুদ্র এন্টারপ্রাইজ বলতে ঐ সব প্রতিষ্ঠানকে বোঝায় যেখানে বিনিয়োগের পরিমাণ হলো—**
ক) ৫ লক্ষ-৫০ লক্ষ টাকা
খ) ৫০ লক্ষ-১০ কোটি টাকা
গ) ১০ কোটি-৩০ কোটি টাকা
ঘ) ৩০ কোটি টাকার অধিক

**৮. আয়ের দিক থেকে মোট জাতীয় উৎপাদনের সূত্র হলো—**
ক) $GNP = X_1P_1 + X_2P_2 + \ldots\ldots + X_nP_n$
খ) $GNP = C + I + G + (X - M)$
গ) $GNP = \Sigma r + \Sigma w + \Sigma i + \Sigma \bar{r}$
ঘ) $GNP = C + I + G$

**৯. নিচের কোনটি স্থায়ী ব্যয়?**
ক) শ্রমিকের মজুরি    খ) বৈদ্যুতিক বিল
গ) প্রত্যক্ষ কাঁচামাল    ঘ) কারখানার ভাড়া

**উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও:**
জনব বুলবুল ৪ কোটি টাকা বিনিয়োগ করে কুষ্টিয়াতে একটি কেবল ফ্যাক্টরি স্থাপন করেন। উক্ত কারখানার শ্রমিক সংখ্যা ৭৮। মুনাফা ভালো হওয়ায় তিনি ফ্যাক্টরিতে আরো ৪ কোটি টাকা এবং ৩২ জন শ্রমিক নিয়োগের সিদ্ধান্ত নেন।

**১০. প্রাথমিক পর্যায়ে জনাব বুলবুলরে প্রতিষ্ঠানটি কোন ধরনের শিল্প?**
ক) অতিক্ষুদ্র    খ) ক্ষুদ্র
গ) মাঝারি    ঘ) বৃহৎ

**১১. বিনিয়োগের ফলে জনাব বুলবুলের প্রতিষ্ঠানটি যে শিল্পে পরিণত হবে তা হলো—**
ক) অতিক্ষুদ্র    খ) ক্ষুদ্র
গ) মাঝারি    ঘ) বৃহৎ

**১২. একটি কারখানায় ৬০,০০০ টাকার পণ্য তৈরি করতে ৪,০০০ টাকার মালামালও ১,০০০ ঘণ্টার যন্ত্রপাতি জনিত ব্যয় হয়েছে। প্রতিষ্ঠানটির মালামালের উৎপাদনশীলতা হবে—**
ক) ১২    খ) ১৫
গ) ২০    ঘ) ৬০

**১৩. ব্যয় পদ্ধতিতে জাতীয় আয় নির্ণয়ে অন্তর্ভুক্ত হয় কোনটি?**
ক) পেনশন    খ) বেকার ভাতা
গ) স্টক    ঘ) ভোগ

**১৪. যা মানুষের প্রয়োজন ও অভাব মেটায় তা হলো—**
ক) উৎপাদন    খ) দ্রব্য
গ) উপযোগ    ঘ) পণ্যের মান

**১৫. পণ্যের কাঠামোগত বিষয় নির্ধারণ করাকে কী বলে?**
ক) মান নির্ধারণ    খ) মজুত নিয়ন্ত্রণ
গ) পণ্য ডিজাইন    ঘ) উৎপাদন নিয়ন্ত্রণ

**১৬. সেবার বৈশিষ্ট্য হলো—**
i. এটি ক্ষণস্থায়ী
ii. এর মানের পার্থক্য আছে
iii. এটি মানুষের প্রয়োজন মেটায়

**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii    খ) i ও iii
গ) ii ও iii    ঘ) i, ii ও iii

Teachingbd.com

১৭. কোন ধরনের পণ্য ডিজাইনে কম্পিউটারাইজ পদ্ধতির ব্যবহার হয়?
ক ব্যবহারিক খ নান্দনিক
গ উৎপাদন ঘ প্যাকিং

**উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও:**
'মিথুন মোবাইল কোম্পানি' পণ্য ব্যবহারের উপযোগিতা এবং স্থায়িত্ব বিবেচনা করে মোবাইলের ডিজাইন করে বাজারে বিক্রয় করে। অপরদিকে 'নিপু মোবাইল কোম্পানি' ক্রেতাদের পছন্দ-অপছন্দের বিষয়টি বিবেচনা করে মোবাইলের ডিজাইন করে বাজারে বিক্রয় করে। একটি নির্দিষ্ট বছরে দেখা গেল যে, 'নিপু মোবাইল কোম্পানি'র বিক্রয় ও মুনাফার পরিমাণ বেশি।

১৮. 'মিথুন মোবাইল কোম্পানি' কোন ধরনের পণ্য ডিজাইন করে?
ক ব্যবহারিক খ নান্দনিক
গ উৎপাদন ঘ মডিউলার

১৯. নিপু মোবাইল কোম্পানির সফলতার কারণ হলো—
ক ব্যবহারিক ডিজাইন খ নান্দনিক ডিজাইন
গ মডিউলার ডিজাইন ঘ বিস্তারিত ডিজাইন

২০. নির্ধারিত মান অনুযায়ী পণ্য উৎপাদিত হচ্ছে কিনা তা নিশ্চিত করাকে কী বলে?
ক মান নির্ধারণ খ মজুদ নিয়ন্ত্রণ
গ মান নিয়ন্ত্রণ ঘ মান নিশ্চিতকরণ

২১. কোনো প্রক্রিয়া বিদ্যমান সুযোগ-সুবিধা ব্যবহার করে মিতব্যয়িতার সাথে সর্বোচ্চ যে পরিমাণ পণ্য উৎপাদন করতে পারে তাকে কী বলে?
ক প্রকৃত উৎপাদন ক্ষমতা
খ প্রকৌশলগত উৎপাদন ক্ষমতা
গ সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা
ঘ কার্যকর উৎপাদন ক্ষমতা

২২. ব্যবসায় অবস্থান বলতে কী বোঝায়?
ক ব্যবসায়ের আয়তন নির্ধারণ
খ ব্যবসায় কর্তৃক বাজার দখল
গ ব্যবসায় পরিচালনায় স্থান নির্ধারণ
ঘ ব্যবসায়ের সম্প্রসারণ

২৩. নিচের কোনটি প্রতিরোধ ব্যয়?
ক পরিদর্শন ব্যয় খ পরীক্ষণ ব্যয়
গ পুনঃডিজাইন ব্যয় ঘ ওয়ারেন্টি

**উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও:**
সেবু ফ্যাক্টরির উৎপাদিত পণ্যের মান নিম্ন হওয়ায় মান উন্নয়নের জন্য প্রতিষ্ঠানটি একজন পরিসংখ্যানবিদ নিয়োগ দেয় এবং নিয়মিত পরিদর্শনের ব্যবস্থা করে। কিন্তু প্রতিষ্ঠানটিকে বাজারে তার অবস্থান ধরে রাখতে যথেষ্ট হিমশিম খেতে হচ্ছে। এমতাবস্থায় প্রতিষ্ঠানটি পণ্যের ওয়ারেন্টি প্রদান করে এবং সফল হয়।

২৪. উদ্দীপকের প্রতিষ্ঠানটি মান উন্নয়নের জন্য কোন ধরনের ব্যয় করে?
ক প্রতিরোধ খ মূল্যায়ন
গ অভ্যন্তরীণ ব্যর্থতা ঘ বাহ্যিক ব্যর্থতা

২৫. ওয়ারেন্টি হলো—
i. পণ্য মেরামত করে দেয়ার লিখিত অঙ্গীকার
ii. পণ্য ফেরত গ্রহণের লিখিত অঙ্গীকার
iii. পণ্য পরিবর্তন করে দেয়ার লিখিত অঙ্গীকার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৬. নিম্ন উৎপাদন ক্ষমতা ব্যবহারের ফলে—
i. স্থায়ী ব্যয় হ্রাস পায় ii. মুনাফা হ্রাস পায়
iii. কর্মীর দক্ষতা হ্রাস পায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও:**
'রহিম স্পিনিং মিল' যশোরের নওয়াপাড়ায় অবস্থিত একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। এখানে সুতা কাটার যন্ত্রপাতি একটি কক্ষে এবং কাপড় বুননের যন্ত্রপাতি আরেকটি কক্ষে সংস্থাপন করা আছে। বাজারে প্রতিষ্ঠানটির উৎপাদিত কাপড়ের বেশ চাহিদা আছে এবং কর্মীরা প্রতিষ্ঠানটিতে কাজ করে বেশ আনন্দিত।

২৭. 'রহিম স্পিনিং মিল' এ কোন ধরনের বিন্যাস করা হয়েছে?
ক পণ্য খ প্রক্রিয়া
গ স্থির ঘ অফিস

২৮. প্রতিষ্ঠানটিতে বিদ্যমান বিন্যাসের ফলে—
i. নমনীয়তা রক্ষা করা কঠিন হয়
ii. কার্যাবলি নিয়ন্ত্রণ সহজ হয়
iii. অধিক উৎপাদন নিশ্চিত হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৯. সমজাতীয় যন্ত্রপাতিকে এক বিভাগে অন্তর্ভুক্ত করা হলে তাকে বলে—
ক প্রক্রিয়া বিন্যাস খ পণ্য বিন্যাস
গ অফিস বিন্যাস ঘ স্থির বিন্যাস

৩০. পণ্যকে ক্ষয়ক্ষতির হাত থেকে রক্ষা করার জন্য যে ডিজাইন করা হয় তাকে কী বলে?
ক কার্যকর ডিজাইন খ নান্দনিক ডিজাইন
গ উৎপাদন ডিজাইন ঘ প্যাকিং ডিজাইন

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | গ | ৩ | ক | ৪ | খ | ৫ | গ | ৬ | গ | ৭ | খ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | গ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | গ |
| ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | ঘ |

Teachingbd.com